

- ৫। “এই বিবাহের রহস্য কী তা সকলে বুঝিবে না, বোবার প্রয়োজনও নাই”
 ‘চতুরঙ্গ’ উপন্যাসে দামিনীর সঙ্গে সম্পর্ক ও দাম্পত্যের প্রেক্ষিতে
 শ্রীবিলাসের এই মন্তব্যটি তুমি কীভাবে পড়তে চাও জানাও ।

অথবা

- ৬। ‘দামিনী’ অংশের ‘পরিশিষ্ট’-এ শ্রীবিলাস জানিয়েছিল “আগেকার মতো
 আবার সে কাজে লাগিয়া গেছে, কিন্তু তার মধ্যে ঝগড়াবিবাদের ঝাঁঝা
 কিছুই নাই” আর ‘শ্রীবিলাস’ অংশে দেখা যাবে শটীশ স্বয়ং “থাকো
 আমার রূপ লইয়া তুমি থাকো, আমি তোমার অরূপের মধ্যে ডুব
 মারিলাম”—বলার পর “অসীম তুমি আমার, তুমি আমার” বলতে বলতে
 নদীর পাড়ির দিকে চলে যাচ্ছে আবার পরে বলেছে “আমার কাজ
 অন্যত্র”— সমস্তটা মিলিয়ে শটীশের সাধনা শেষপর্যন্ত কোথায় গিয়ে
 পৌঁছিল বলে তোমার মনে হয় যুক্তিসহ লেখো ।

- ৭। “তাঁমাটোলার লোকেরা বলে — রোজা, রোজগার আর রামায়ণ, এই
 নিয়েই লোকের জীবন”— ‘টেঁড়িই চরিত মানস’ উপন্যাসে সতীনাথ
 টেঁড়িইদের ক্রমশ বদলে যাওয়া জীবনের যে আখ্যান রচনা করতে
 চেয়েছেন সেখানে এই কথাটি কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে আলোচনা
 করো ।

অথবা

- ৮। “সত্যিই ‘পাক্ষীর’ সঙ্গে তার নাড়ী বাঁধা”। ‘পাক্ষী’ কী? টেঁড়িইয়ের সঙ্গে
 ‘পাক্ষী’র এই নাড়ীর যোগ উপন্যাসে যেভাবে ধরা পড়েছে বিশ্লেষণ করে
 বুঝিয়ে দাও ।

কলান্ত্রাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি. ৩.২

বাংলা উপন্যাস, পর্ব - ১

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উক্ত দাও। প্রশ্নগুলি সমমানের ।

- ১। ‘জয়শিলা চঢ়লকুমারী’ এবং ‘রাজসিংহের পরাভব’ — ‘রাজসিংহ’
 উপন্যাসের এই দুই অধ্যায়ে ‘জয়’ ও ‘পরাভব’ শব্দদুটি কী তাৎপর্যে
 ব্যবহৃত হয়েছে আলোচনা করো ।

অথবা

- ২। ‘রাজসিংহ’ উপন্যাসের শেষে মবারক ও জেবুন্নিসাকে বক্ষিমচন্দ্র
 অধাৰ্মিকের দলে অত্পূর্বৃত্ত করেছেন। এক্ষেত্রে বক্ষিমের কোন অভিপ্রায়
 ও মনোভাব প্রকাশিত হয়েছে বলে তোমার মনে হয়? এই অভিপ্রায়
 উপন্যাসের ভিতর থেকে কতদূর সমর্থিত হয়েছে তা যুক্তিসহ বুঝিয়ে
 দাও ।

- ৩। কুসুমঘাটী ও কলকাতার সম্পর্কের মধ্যেই খেতু-কক্ষাবতীর প্রেমকাহিনির
 তাৎপর্য লুকিয়ে আছে। এইরকম বোবাপড়ার সঙ্গে তুমি কি সহমত হবে?
 আলোচনা করো ।

অথবা

- ৪। ‘সাধনা’ পত্রিকায় ‘কক্ষাবতী’ বিষয়ে সমালোচনায় রবীন্দ্রনাথ উপন্যাসের
 প্রথম ও দ্বিতীয় ভাগকে আলাদাভাবে দেখার বিষয়ে যে প্রস্তাব রেখেছেন
 সে সম্পর্কে তোমার বক্তব্য যুক্তিসহ আলোচনা করো ।